| স্বরাষ্ট্র মন্ত্রণালয় সুরক্ষা সেবা বিভাগ সচিবের দপ্তর | ইস্যু নম্বর : 2288 |
|---|---|
| | তারিখ : ০৮/১২/২০ |
| অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) | ☐ জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিন। |
| অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ) | ☐ জরুরী উপস্থাপন করুন। |
| অতিরিক্ত সচিব (অগ্নি) | ☐ পরীক্ষান্তে উপস্থাপন করুন। |
| অতিরিক্ত সচিব (কারা) | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন। |
| অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য) | |
| অতিরিক্ত সচিব (আইন ও শৃঙ্খলা) | |
| অতিরিক্ত সচিব (উন্নয়ন) | সচিব |

সীমিত

সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশন
সাভার সেনানিবাস

তারালাপনী ঃ ৭৭৯১১০০ বর্ধিত ২০৩৪

২৩.০১.৯০৯.০৮৫.০২.০৪০.০০.০৩.১২.২০

০৬ ডিসেম্বর ২০২০

**মহান বিজয় দিবস-২০২০ উদযাপন উপলক্ষে ০২ ডিসেম্বর ২০২০ তারিখ সকাল ১১০০ ঘটিকায় সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশন এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণের ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভার কার্যবিবরণী**

**উপস্থিতি** ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

মেজর জেনারেল মোঃ সাইফুল আবেদীন - **জিওসি, ৯ পদাতিক (সভাপতি)**
ব্রিগেডিয়ার জেনারেল মসিউর রহমান - ষ্টেশন কমান্ডার, স্টেশন সদর দপ্তর সাভার
ব্রিগেডিয়ার জেনারেল আবু নোমান মোঃ শিব্বির আহমেদ - কমান্ডার, ৮১ পদাতিক ব্রিগেড
কর্ণেল মোহাম্মদ মঈনুদ্দিন শামীম - ডিপিএম, সেনাসদর, পিএস পরিদপ্তর
কর্ণেল মোঃ রেজাউর রহমান - এডিএমএস, সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশন
কর্ণেল ইমতাজ উদ্দিন - কর্ণেল জিএস, শাখা ডিজিএফআই সাভার
কর্ণেল মোঃ হাসান মোরশেদ - অধিনায়ক, আর্মি এমপি ইউনিট
লেঃ কর্ণেল সালাউদ্দিন নয়ন - এএএন্ডকিউএমজি, এরিয়া সদর দপ্তর সাভার
লেঃ কর্ণেল মোহাম্মদ খুরশিদ আলম - অধিনায়ক, ৯ এমপি ইউনিট
লেঃ কর্ণেল মোহাম্মদ খায়রুজ্জামান মোল্লা - জিএসও-১, সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশন
লেঃ কর্ণেল এস এম কামরুজ্জামান - সিইএমই, ৯ পদাতিক ডিভিশন
লেঃ কর্ণেল হাসান শাহরিয়ার কবির - অধিনায়ক, শাখা এএসইউ, সাভার
লেঃ কর্ণেল মুহাম্মদ তাওহীদ আলী - জিএসও-১, সশস্ত্র বাহিনী বিভাগ
স্কোয়াড্রন লীডার মোহাম্মদ ইলিয়াস খান - ভারপ্রাপ্ত কর্তকর্তা (গার্ড অব অনার দল), বাংলাদেশ বিমান বাহিনী
মেজর মোঃ তাওফিক আলম - সহকারী অপস্ অফিসার, আর্মি এমপি ইউনিট
লেঃ কমান্ডার আশেকুর রহমান - গানার অফিসার, বাংলাদেশ নৌ বাহিনী
মেজর শিহান মুনতাসীর - অধিনায়ক, ৯ এফআইইউ
মেজর মোঃ আজিজুল হোসেন - ডিএএন্ডকিউএমজি, ৮১ পদাতিক ব্রিগেড
মেজর শেখ ইউসুফ আহমেদ - ডিএএজি, সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশন
উইং কমান্ডার রাহাত - ওআইসিপি স্কোয়াড, বাংলাদেশ বিমান বাহিনী
জনাব মোহাম্মদ মোশারফ হোসেন খান - উপসচিব, জননিরাপত্তা বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়
জনাব মোহাম্মদ আবু সাঈদ মোল্লা - উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জনাব দেবাশীষ নাগ - উপসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
জনাব জসিম উদ্দিন হায়দার - পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়
জনাব মোঃ আনিছুর রহমান - উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, মানিকগঞ্জ
জনাব মুহাম্মদ শামীম আল মামুন - নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা
জনাব মাহবুবুল হক চৌধুরী - তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর (ই/এম), বিভাগ-২, ঢাকা
জনাবা রঞ্জনা আক্তার - সহকারী স্থাপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা
জনাব শেখ মোঃ কুদরত-ই-খুদা - প্রধান বৃক্ষ পালনবিদ, গণপূর্ত অধিদপ্তর, আরবরি কালচার, ঢাকা
জনাব মোঃ জগলুল আরিফ - নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, (এসডিই-২), সাভার
জনাব মোঃ আবুল বাসার - সহকারী নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত (ই/এম) বিভাগ-৬, ঢাকা
জনাব মোঃ ইয়াছিন মিয়া - উপ বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত (ই/এম) বিভাগ-১১, ঢাকা
জনাব মোঃ মমিন উদ্দিন - অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা
জনাব মোস্তাক আহমেদ - উপ-পলিশ কমিশনার,ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
জনাবা রখফার সুলতানা খানম - অতিরিক্তি ডিআইজি, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ
জনাব মোঃ আব্দুস ছালাম - পুলিশ সুপার, সিটি স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ
জনাব মোঃ ওয়াহিদ পারভেজ - ডিআইও-৩, পুলিশ অফিস ঢাকা
জনাব সাজেদুর রহমান - অতিরিক্ত পুলিশ সুপার, বিশেষ শাখা, ঢাকা
জনাব মোহাম্মদ সাইদুর রহমান - অতিরিক্ত পুলিশ সুপার, ক্রাইম, ঢাকা
জনাব শাহিদুল ইসলাম - অতিরিক্ত পুলিশ সুপার, সাভার সার্কেল, ঢাকা
জনাব মোঃ আবদুল আউয়াল - পুলিশ পরিদর্শক (নিয়ন্ত্রণ), পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা
জনাব এ এফ এম সায়েদ - পুলিশ পরিদর্শক (নিয়ন্ত্রণ), সাভার থানা, ঢাকা
জনাব এম এস কামরুজ্জামান - পুলিশ পরিদর্শক (নিয়ন্ত্রণ), আশুলিয়া থানা
জনাব মোঃ আব্দুস সালাম - ট্রাফিক ইন্সপেক্টর (প্রশাসন), সাভার থানা
জনাব আফজাল হোসেন - জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা
জনাব মোঃ হুমায়ুন আজাদ - ইউএডিডিও, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সাভার, ঢাকা
জনাব মোঃ আবুল বাশার তালুকদার - এসআর এসপি, ঢাকা রেঞ্জ
জনাবা শামীম আরা নিপা - ইউএনও, সাভার
জনাব শরীফ উদ্দিন আহমেদ - প্রধান নির্বাহী প্রকৌশলী, সাভার পৌরসভা

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) অনুবিভাগ
যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন/বাজেট/মিশন)
উপসচিব/সিঃসহঃ সচিব/সহঃ সচিব (প্রশাসন-১/২ ৩) (বাজেট-১/ ২) মিশন শাখা-১/২)
নং- ৯৫২৩ স্বাক্ষর: তারিখ:
০৮/১২/২০২০

১০.১২.২০২০

| | | |
|---|---|---|
| জনাব নিয়াজ আহমেদ | - | সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| জনাব মোঃ মিজানুর রহমান | - | উপ-সহকারী প্রকৌশলী, পিডব্লিউডি, সাভার জাতীয় স্মৃতিসৌধ |
| জনাব মোঃ মোজহার হোসেন | - | ডিজিএম (টেকনিক্যাল), ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, সাভার |
| জনাব মোঃ মনজুরুল ইসলাম | - | এজিএম (ওএন্ডএম), ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, সাভার |
| মেজর এ কে এম আলীম আল রাজী | - | সদস্য সচিব |

<u>আইটেম-১। স্বাগত ভাষণ।</u>

১। সভাপতি মেজর জেনারেল মোঃ সাইফুল আবেদীন, বিএসপি, এসজিপি, এনডিসি, পিএসসি, জিওসি, ৯ পদাতিক ডিভিশন জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণের ব্যবস্থাপনা কমিটি এর আহবায়ক সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। তিনি উল্লেখ করেন, বিগত বছরের ন্যায় এ বছরও আগামী ১৬ ডিসেম্বর ২০২০ তারিখ মহান বিজয় দিবস উপলক্ষে সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশনের সার্বিক তত্ত্বাবধানে সূর্যোদয়ের সাথে সাথে সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণ করা হবে। সভাপতি আরও বলেন, আপনারা সকলেই অবগত আছেন যে, মাননীয় প্রধানমন্ত্রী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ২০২০ সালকে মুজিব বর্ষ হিসেবে ঘোষণা করেছেন। সুতরাং এ বছরের মহান বিজয় দিবস বিশেষ তাৎপর্য বহন করে। প্রতি বছর সারাদেশব্যাপী এ দিবসটি পালনে নানা ধরনের কর্মসূচী গ্রহণ করা হয়ে থাকে। তবে এ বছর করোনা ভাইরাসজনিত ঝুঁকি থাকায় বড় ধরনের জনসমাগমপূর্ণ কর্মসূচীগুলো সীমিত আকারে করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী সদয় নির্দেশনা প্রদান করেছেন। যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক বর্ণিত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রীবর্গ, কূটনীতিকবৃন্দ, উচ্চপদস্থ সামরিক ও অসামরিক কর্মকর্তাবৃন্দ এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন। উক্ত অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলে সঠিকভাবে দায়িত্ব পালনের মাধ্যমে অনুষ্ঠানটিকে সাফল্যমণ্ডিত করবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

**কার্যক্রম:** সংশ্লিষ্ট সকলে।

২। এতদ্সংক্রান্ত বিভিন্ন কর্মসূচী প্রণয়ন, কমিটি/উপ-কমিটি গঠন, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থাসমূহের দায়িত্ব নির্ধারণসহ বিস্তারিত বিষয়ের উপর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে সার্বিক সমন্বয় সভা গত ১৯ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর সমন্বয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে/ক্ষমতাবলে জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণের ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয় যা নিম্নরূপঃ

| | | | |
|---|---|---|---|
| ক। | জিওসি, ৯ পদাতিক ডিভিশন | - | আহবায়ক। |
| খ। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য। |
| ঘ। | মন্ত্রিপরিষদ বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য। |
| ঙ। | জননিরাপত্তা বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য। |
| চ। | সুরক্ষা সেবা বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য। |
| ছ। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য। |
| জ। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য। |
| ঝ। | সশস্ত্র বাহিনী বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য। |
| ঞ। | বাংলাদেশ সেনাবাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য। |
| ট। | বাংলাদেশ নৌ বাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য। |
| ঠ। | বাংলাদেশ বিমান বাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য। |
| ড। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা জোন | - | সদস্য। |
| ঢ। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা জোন | - | সদস্য। |
| ণ। | মহা-পুলিশ পরিদর্শকের একজন উপযুক্ত প্রতিনিধি (বিশেষ শাখা) | - | সদস্য। |
| ত। | প্রশাসক/চেয়ারম্যান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ | - | সদস্য। |
| থ। | উপ-মহা পুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ | - | সদস্য। |
| দ। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), ঢাকা | - | সদস্য। |
| ধ। | জেলা প্রশাসক, ঢাকা | - | সদস্য। |
| ন। | উপসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য। |
| প। | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য। |
| ফ। | প্রধান বৃক্ষপালনবিদ, আরবরি কালচার, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | - | সদস্য। |
| ব। | উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা | - | সদস্য। |
| ভ। | মেয়র, সাভার পৌরসভা, সাভার, ঢাকা | - | সদস্য। |
| ম। | উপ-মহাপরিচালক, আনসার ও ভিডিপি, ঢাকা রেঞ্জ, ঢাকা | - | সদস্য। |
| য। | এএএন্ডকিউএমজি, সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশন | - | সদস্য সচিব। |

৩। **<u>'কো-অপ্ট' সদস্য বৃন্দ</u>**

| | | | |
|---|---|---|---|
| ক। | ষ্টেশন কমান্ডার, ষ্টেশন সদর দপ্তর সাভার | - | সদস্য। |
| খ। | কমান্ডার, সদর দপ্তর ৮১ পদাতিক ব্রিগেড | - | সদস্য। |

কার্যক্রম

| | | | |
|---|---|---|---|
| গ। | কর্ণেল এ্যাডমিন, এরিয়া সদর দপ্তর সাভার | - | সদস্য। |
| ঘ। | কর্ণেল জিএস, শাখা ডিজিএফআই, সাভার | - | সদস্য। |
| ঙ। | এডিএমএস, সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশন | - | সদস্য। |
| চ। | কর্ণেল ষ্টাফ, সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশন | - | সদস্য। |
| ছ। | জিএসও-১, সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশন | - | সদস্য। |
| জ। | অনার গার্ড প্রদানকারী ইউনিটের অধিনায়ক | - | সদস্য। |
| ঝ। | জিএসও-২ (অপস), সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশন | - | সদস্য। |
| ঞ। | জিএসও-২ (ইন্ট), সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশন | - | সদস্য। |
| ট। | ডিএজি, সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশন | - | সদস্য। |
| ঠ। | ডিএএএন্ডকিউএমজি, সদর দপ্তর ৮১ পদাতিক ব্রিগেড | - | সদস্য। |
| ড। | অধিনায়ক, ৯ এমপি ইউনিট | - | সদস্য। |
| ঢ। | অধিনায়ক, ৯ এফ আই ইউ | - | সদস্য। |
| ণ। | অধিনায়ক, শাখা এএসইউ সাভার | - | সদস্য। |
| ত। | সড়ক ও জনপথ অধিদপ্তর, মানিকগঞ্জ | - | সদস্য। |
| থ। | সার্কেল এএসপি, সাভার | - | সদস্য। |
| দ। | ওসি, সাভার থানা | - | সদস্য। |
| ধ। | ওসি, আশুলিয়া থানা | - | সদস্য। |

**আইটেম-২। স্মৃতিসৌধ এলাকার রক্ষণাবেক্ষণ, শ্রীবৃদ্ধিকরণ, ফুলের গাছ রোপন, দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশন।**

৪। জাতীয় স্মৃতিসৌধ এবং স্মৃতিসৌধ এলাকায় মেরামত এবং সংস্কারসহ পরিস্কার-পরিচ্ছন্নতার, সুষ্ঠু রক্ষণাবেক্ষণ ও শ্রীবৃদ্ধির সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে সভায় সকলে একমত পোষন করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

৫। **সিদ্ধান্ত**।

ক। স্মৃতিসৌধের অভ্যন্তরীণ সৌন্দর্য্য বৃদ্ধির জন্য ঋতুভিত্তিক বিভিন্ন ফুলের গাছ/ফুল নির্বাচনের ক্ষেত্রে বাংলাদেশের জাতীয় পতাকার রং-এর সাথে সামঞ্জস্যপূর্ণ ফুলের গাছ/ফুল নির্বাচন করা হবে। উল্লেখ্য, লাল এবং সবুজ রং এর ফুল বেশি প্রাধান্য পাবে। মূল অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে লাল ফুল এবং সবুজ পাতার ব্যবহার বেশী থাকবে। — গণপূর্ত অধিদপ্তর

খ। স্মৃতিসৌধের এবং স্মৃতিসৌধ এলাকার মেরামত এবং সংস্কারসহ পরিস্কার-পরিচ্ছন্নতা, সুষ্ঠু রক্ষণাবেক্ষণ ও প্রয়োজনীয় শ্রীবৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়াও বিগত বছরের ন্যায় যথোপযুক্ত দেশাত্মবোধক গান পরিবেশন অব্যাহত রাখা হবে। — গণপূর্ত অধিদপ্তর

**আইটেম-৩। অভ্যন্তরীণ শ্রীবৃদ্ধির অংশ হিসাবে লেকসমূহ সংস্কার করে দূষিত পানি নিষ্কাশনের ব্যবস্থাকরণ।**

৬। সভায় মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে ১৬ ডিসেম্বর ২০২০ তারিখের পূর্বেই লেকসমূহের পানি পরিস্কার রাখার জন্য এখন হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধিকে অনুরোধ করা হয়।

৭। **সিদ্ধান্ত**। স্মৃতিসৌধের অভ্যন্তরে শ্রীবৃদ্ধির অংশ হিসাবে আগামী ১৬ ডিসেম্বর ২০২০ তারিখ মহান বিজয় দিবসের পূর্বেই লেকসমূহ রক্ষণাবেক্ষণ করতে হবে। লেকসমূহের পানি পরিস্কারের জন্য বিভিন্ন রাসায়নিক দ্রব্যাদি উপযুক্ত সময়ে প্রয়োগ পূর্বক পানি পরিস্কার করতে হবে। সভাপতি আলোচ্য বিষয়ের উপর গৃহিত কার্যক্রম ত্বরান্বিত করতে অনুরোধ করেন। — গণপূর্ত অধিদপ্তর

**আইটেম-৪। স্মৃতিসৌধে পুলিশ ক্যাম্পের দায়িত্ব এবং অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিত করণ।**

৮। জাতীয় স্মৃতিসৌধের অভ্যন্তরে নিরাপত্তার ব্যাপারে পুলিশ বাহিনীর কার্যক্রমের বিষয়ে সভাপতি গুরুত্ব আরোপ করেন। জাতীয় স্মৃতিসৌধের অভ্যন্তরে পুলিশ বাহিনী কর্তৃক সার্বিক নিরাপত্তা প্রদানের ব্যাপারে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে এবং এ বিষয়ে কাউকে ছাড় দেওয়া যাবে না। সেজন্য স্মৃতিসৌধের অভ্যন্তরে নিচ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে হবে।

কার্যক্রম

৯। <u>সিদ্ধান্ত</u>। জাতীয় স্মৃতিসৌধের অভ্যন্তরে যাবতীয় নিরাপত্তার ব্যাপারে পুলিশ বাহিনীর কার্যক্রম বৃদ্ধি করতে হবে। এছাড়াও নিরাপত্তা ব্যবস্থা জোরদার কল্পে প্রয়োজনবোধে আগামী ১৬ ডিসেম্বর ২০২০ তারিখের পূর্বে স্মৃতিসৌধের অভ্যন্তরে পুলিশ ক্যাম্পের জনবল বৃদ্ধি করতে হবে।

ডিআইজি, ঢাকা রেঞ্জ এবং পুলিশ সুপার, ঢাকা

## <u>আইটেম-৫। ঢাকা-আরিচা মহা-সড়কের শ্রীবৃদ্ধি করণ।</u>

১০। আমিন বাজার হতে জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত সড়ক উন্নয়ন/শ্রীবৃদ্ধি প্রসঙ্গে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহাসড়কের শ্রীবৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম চলমান রাখার পক্ষে মত পোষণ করেন। নিম্নলিখিত কার্যক্রম সম্পন্ন করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

১১। <u>সিদ্ধান্ত</u>।

ক। সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক আমিন বাজার হতে জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত সড়কের রোড ডিভাইডার এর বিভিন্ন স্থানে অপ্রয়োজনীয় মোড় (Turning) ঢাকা জেলা পুলিশ কর্তৃপক্ষের সাথে সমন্বয় পূর্বক বন্ধ করার ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়ও সড়কের ডিভাইডার ও স্পীড ব্রেকারসমূহের মেরামত এবং প্রয়োজনীয় রং (Luminous), সংকেত ও মার্কিং সম্পন্ন করতে হবে।

খ। সাভার বাজার সংলগ্ন সড়ক, আমিন বাজার হতে জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত সড়কের দুই পার্শ্বের ময়লা আবর্জনা অপসারণ/পরিস্কার করতঃ শ্রীবৃদ্ধি নিশ্চিত করতে হবে।

গ। সাভার বাজার এলাকার রোড ডিভাইডারের উপরের গ্রীল সমূহ মেরামত/রং করতে হবে। মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে বিভিন্ন রাজনৈতিক দল কর্তৃক আমিন বাজার-সাভার পর্যন্ত সড়কে তোরণ (ত্রিমাত্রিক অথবা বক্স আকারে তোরণ তৈরী করা যাবে না), ব্যানার, ফেস্টুন এবং পোস্টার লাগানোর ক্ষেত্রে রাস্তায় যানবাহন চলাচলে যাতে কোন বিঘ্ন সৃষ্টি না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে রাস্তার দুই পাশে পর্যাপ্ত জায়গা পরিস্কার রাখতে হবে।

সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা জেলা পুলিশ, ইউএনও সাভার, এবং সাভার ও ধামরাই পৌরসভ

ঘ। আমিন বাজার-সাভার সড়কের বিভিন্ন স্থানের অচিহ্নিত অসমতল জায়গাগুলি সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক প্রয়োজনীয় সংস্কার এবং যথপোযুক্ত চিহ্নিত করণের ব্যবস্থা আগামী ১৫ ডিসেম্বর ২০২০ তারিখের পূর্বেই সম্পন্ন করতে হবে।

## <u>আইটেম-৬। অনার গার্ডের সংগঠন।</u>

১২। সভায় পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অনার গার্ডের সংগঠন ও দায়িত্ব সম্পর্কে আলোকপাত করা হয়। নিম্নলিখিত কার্যক্রম সম্পন্ন করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

১৩। <u>সিদ্ধান্ত</u>। পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে সদর দপ্তর ৮১ পদাতিক ব্রিগেডের সার্বিক ব্যবস্থাপনায় তিন বাহিনীর সমন্বয়ে অনার গার্ড প্রদান করা হবে। অনার গার্ডের ব্যাপারে সদর দপ্তর ৮১ পদাতিক ব্রিগেড কর্তৃক নৌ এবং বিমান বাহিনীর সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধন করা হবে। **অনার গার্ড এর জন্য আন্তঃবাহিনীর সদস্যদের নূন্যতম উচ্চতা ৫ ফুট ৮ ইঞ্চি হবে।**

৮১ পদাতিক ব্রিগেড এবং সংশ্লিষ্ট নৌ ও বিমান বাহিনীর অংশগ্রহণকারী সংস্থা

ক। <u>আন্তঃবাহিনী গার্ডের সংগঠন</u> ।

(১) <u>সেনাবাহিনী (সদর দপ্তর ৮১ পদাতিক ব্রিগেড কর্তৃক গঠন করা হবে)</u>

সদর দপ্তর ৮১ পদাতিক ব্রিগেড

(ক) অনার গার্ড কমান্ডার ঃ ০১× মেজর (সংরক্ষিত ০১×মেজর)।

(খ) কন্টিনজেন্ট কমান্ডার ঃ ০১× ক্যাপ্টেন (সংরক্ষিত ০১× ক্যাপ্টেন/লেঃ)।

(গ) পুষ্পস্তবক অর্পণকারী ঃ

(১) পুরুষ (গ্রুপ-১) ঃ ০২× ক্যাপ্টেন/লেঃ (সংরক্ষিত ০১× ক্যাপ্টেন/লেঃ)।

(২) পুরুষ (গ্রুপ-২) ঃ ০২× ক্যাপ্টেন/লেঃ (সংরক্ষিত ০১× ক্যাপ্টেন/লেঃ)।

(ঘ) ফ্ল্যাগ এনসিও ঃ ০১× এনসিও (অতিরিক্ত ০১× এনসিও সংরক্ষিত)।

(ঙ) সৈনিক ঃ ২১× অন্যান্য পদবীর সৈনিক (অতিরিক্ত ০৪× সৈনিক)।

(চ) বিউগলার ঃ ০২× বিউগলার (অতিরিক্ত ০১× সংরক্ষিত)।

**কার্যক্রম**

(২) **নৌ বাহিনী দল**।

(ক) কন্টিনজেন্ট কমান্ডার ঃ ০১× অফিসার (অতিরিক্ত ০১× অফিসার সংরক্ষিত)।

(খ) অন্যান্য পদবী ঃ ২১× অন্যান্য পদবীর সৈনিক (অতিরিক্ত ৪× সৈনিক সংরক্ষিত)।

(গ) বিউগলার ঃ ০২× বিউগলার (অতিরিক্ত ০১× সংরক্ষিত)।

নৌবাহিনী সদর দপ্তর

(৩) **বিমান বাহিনী**।

(ক) কন্টিনজেন্ট কমান্ডার ঃ ০১× অফিসার (অতিরিক্ত ০১× অফিসার সংরক্ষিত)।

(খ) অন্যান্য পদবী ঃ ২১× অন্যান্য পদবীর সৈনিক (অতিরিক্ত ৪× সৈনিক সংরক্ষিত)।

(গ) বিউগলার ঃ ০২× বিউগলার (অতিরিক্ত ০১× সংরক্ষিত)।

বিমান বাহিনী সদর দপ্তর

খ। **আন্তঃ বাহিনী অনার গার্ডের পোষাক**।

৮১ পদাতিক ব্রিগেড

(১) **সেনাবাহিনী**। কম্ব্যাট, স্কার্ফ, হাতমোজাসহ হেলমেট।

নৌবাহিনী সদর দপ্তর

(২) **নৌ বাহিনী**। নৌ বাহিনী পোষাক, স্কার্ফ, হাতমোজাসহ হেলমেট।

বিমান বাহিনী সদর দপ্তর

(৩) **বিমান বাহিনী**। বিমান বাহিনী পোষাক, স্কার্ফ, হাতমোজাসহ হেলমেট।

(৪) **বিউগলার**। স্ব-স্ব বাহিনীর বাদক দলের পোষাক পরিধান করা হবে। পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের জন্য তিন বাহিনী হতে ভালো মানের বিউগলার প্রেরণ এবং অংশগ্রহণকারী বিউগলারদের সুর সমন্বয়ের নিমিত্তে কঠোর অনুশীলনের মাধ্যমে তার নিশ্চয়তা বিধানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

৮১ পদাতিক ব্রিগেড এবং সংশ্লিষ্ট সকলে

**আইটেম-৭। পুষ্পস্তবক সরবরাহ এবং অন্যান্য ব্যবস্থাপনা**।

১৪। পুষ্পস্তবকের মাপ ও পটভূমি সম্পর্কে সভায় সকলকে অবহিত করা হয়। সভাপতি প্রচলিত নিয়মানুযায়ী পুষ্পস্তবক তৈরী করার ব্যাপারে মতামত ব্যক্ত করেন এবং এ ব্যাপারে আরবরি কালচার, গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধিকে যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিশেষ গুরুত্ব দেয়ার জন্য অনুরোধ করেন।

১৫। **সিদ্ধান্ত**।

ক। আরবরি কালচার, গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ০২ (দুই)টি পুষ্পস্তবক ১৬ ডিসেম্বর ২০২০ তারিখে সূর্যোদয়ের কমপক্ষে ৩ ঘন্টা পূর্বে সদর দপ্তর ৮১ পদাতিক ব্রিগেডের প্রতিনিধির নিকট হস্তান্তর করা হবে। এছাড়াও নমুনা হিসেবে ১৪ ডিসেম্বর ২০২০ তারিখ সকাল ১১০০ ঘটিকায় অনুরূপ ০২ (দুই)টি পুষ্পস্তবক (সভাপতির) জিওসি মহোদয়ের অনুমোদনের জন্য সদর দপ্তর ৮১ পদাতিক ব্রিগেডের প্রতিনিধির নিকট হস্তান্তর করতে হবে।

আরবরি কালচার (গণপূর্ত অধিদপ্তর) এবং ৮১ পদাতিক ব্রিগেড

খ। পুষ্পস্তবকের মাপ এবং নমুনা নিম্নরূপ হবে ঃ

(১) **মাপ**। পুষ্পস্তবক গুলো বৃত্তাকার হবে। বৃত্তের ব্যাস নিম্নরূপ হবে ঃ

(ক) মহামান্য রাষ্ট্রপতির পক্ষে - ৩ ফুট ৩ ইঞ্চি।

(খ) মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে - ৩ ফুট ২ ইঞ্চি।

(২) **পটভূমি**। চতুপার্শ্বে ৮ ইঞ্চি সবুজ বর্ডার (গাঢ় সবুজ পাতা হওয়া বাঞ্চনীয়) থাকবে।

আরবরি কালচার (গণপূর্ত অধিদপ্তর) এবং সদর দপ্তর ৮১ পদাতিক ব্রিগেড

গ। মাঝখানে অবশিষ্ট যথাক্রমে ২৪ ও ২৩ ইঞ্চি ব্যাস বিশিষ্ট অংশটুকু মৌসুমী লাল ফুল দ্বারা আবৃত হবে। অর্থাৎ একটি লাল বৃত্ত গঠিত হবে। লাল বৃত্তের মধ্যখানে ১ ফুট দেড় ইঞ্চি দৈর্ঘ্য ও ০১ ফুট সাড়ে সাত ইঞ্চি প্রস্থ সাদা ফুল বা ফুলের পাপড়ি দ্বারা ফুটন্ত একটি শাপলা ফুল উৎকীর্ণ থাকবে।

কার্যক্রম

ঘ। পুষ্পস্তবকের উপর আড়াআড়িভাবে ৪০ ইঞ্চি দৈর্ঘ্য ও ৬ ইঞ্চি প্রস্থ সাদা প্যানাফ্লেক্সের উপর কালো কালি দ্বারা নিম্নরূপ লেখা হবে ঃ

আরবরি কালচার (গণপূর্ত অধিদপ্তর) এবং সদর দপ্তর ৮১ পদাতিক ব্রিগেড

(১) মহামান্য রাষ্ট্রপতির পুষ্পস্তবক।

| রাষ্ট্রপতির শ্রদ্ধাঞ্জলি<br>মহান বিজয় দিবস-২০২০ |
|---|

(২) মাননীয় প্রধানমন্ত্রীর পুষ্পস্তবক।

| প্রধানমন্ত্রীর শ্রদ্ধাঞ্জলি<br>মহান বিজয় দিবস-২০২০ |
|---|

১৬। **পুষ্পস্তবক অর্পণের সময়।** সভাপতি পুষ্পস্তবক অর্পণের সময়সূচী আলোচনাকালে জানান যে, আবহাওয়া অধিদপ্তর হতে ১৬ ডিসেম্বর ২০২০ তারিখের সূর্যোদয়ের সময় নিশ্চিত করা হয়েছে। সে অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে উপযুক্ত প্রতিনিধি আগামী ১৬ ডিসেম্বর ২০২০ তারিখ **০৬ টা ৩৪ মিনিট ২৪ সেকেন্ডে** সাভার জাতীয় স্মৃতিসৌধে সূর্যোদয়ের সাথে সাথে পুষ্পস্তবক অর্পণ করবেন। সংশ্লিষ্ট সকলে

**আইটেম-৮। ভিজিটরস্ বুক।**

১৭। সভায় সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয় যে, পুষ্পস্তবক অর্পণের পর ভিজিটরস্ বুক স্বাক্ষরের ব্যাপারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করা হবে। গণপূর্ত অধিদপ্তর এ ব্যাপারে রাষ্ট্রপতির সচিবালয় ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে প্রয়োজনীয় সমন্বয়/কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে। রাষ্ট্রপতির সচিবালয়, মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তর

**আইটেম-৯। রুট প্রটেকশন, ট্রাফিক নিয়ন্ত্রণ, গাড়ী পার্কিং ও নিরাপত্তা।**

১৮। রুট প্রোটেকশন, ট্রাফিক নিয়ন্ত্রণ এবং নিরাপত্তার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় স্মৃতিসৌধের অভ্যন্তরে যানবাহনের প্রবেশ ও যানবাহনের নিয়ন্ত্রণের ব্যাপারে আলোচনা হয়। এ বিষয়ে পুলিশ সুপার, ঢাকা জেলা এবং অধিনায়ক, ৯ এমপি ইউনিট কর্তৃক সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে সমন্বয় ও সিদ্ধান্ত গ্রহণ করবেন বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। এছাড়াও পুলিশ ও প্রভোষ্ট কভার এবং জনসাধারণ নিয়ন্ত্রণ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়।

১৯। **সিদ্ধান্ত।**

ক। **পুলিশ ও প্রভোষ্ট কভার।**

(১) ঢাকা জেলা পুলিশ ভিআইপিগণের গাড়ী বহরের সঙ্গে ওয়ারলেসের মাধ্যমে যোগযোগ রাখবে এবং মিলিটারী পুলিশকে যোগাযোগের সুবিধা প্রদান করবে। আর্মি এমপি ইউনিট এবং ঢাকা জেলা পুলিশ

(২) ভিআইপিগণের গাড়ী বহরের জন্য সমগ্র রাস্তার প্রয়োজনীয় স্থান সমূহে কন্ট্রোল পয়েন্ট স্থাপন করা হবে। সম্পূর্ণ রাস্তায় গাড়ী বহরের জন্য প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এছাড়াও, ভিআইপিগণের যাত্রার প্রকৃত সময় (Block Timing) ঢাকা জেলা পুলিশ কর্তৃক রিহার্সালের মাধ্যমে নির্ধারণ করা হবে। ঢাকা জেলা পুলিশ

(৩) আমন্ত্রিত অতিথিবর্গের গাড়ীতে স্থাপনের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আমন্ত্রণ পত্রের সাথে প্রয়োজনীয় ষ্টিকার সরবরাহ করা হবে এবং গাড়ীতে যেন অবশ্যই ষ্টিকার স্থাপন করা থাকে সে বিষয়ে নিশ্চিতকরণ সংক্রান্ত নির্দেশাবলী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সংযুক্ত করবে। উল্লেখ্য, ষ্টিকারের উপর **"পার্কিং বাহির"** এবং **"পার্কিং ভিতর"** শব্দগুলি সীল/প্রিন্ট/আলাদা স্লিপ আকারে অবশ্যই সন্নিবেশ করতে হবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট সকলে

(৪) আমন্ত্রিত সকলের সুবিধার্থে জাতীয় স্মৃতিসৌধের সম্মুখভাগের ট্রাফিক, যানবাহনের পার্কিং এবং অনুষ্ঠান শেষে অতিথিবর্গের প্রস্থানের সময় সুষ্ঠুভাবে ট্রাফিক নিয়ন্ত্রণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে ঢাকা জেলা পুলিশ এবং ট্রাফিক পুলিশ সাভার প্রয়োজনীয় সমন্বয়ের মাধ্যমে আমন্ত্রিত অতিথিবৃন্দের গাড়ীসমূহ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনানুযায়ী/সরবরাহকৃত স্টিকার অনুযায়ী স্মৃতিসৌধের অভ্যন্তরে প্রবেশের জন্য দুটি পৃথক লেন তৈরী পূর্বক সুষ্ঠুভাবে কার্যসম্পাদন করবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা জেলা পুলিশ এবং ট্রাফিক পুলিশ সাভার

| | কার্যক্রম |
|---|---|
| (৫) চূড়ান্ত পরিদর্শনের দিন কার পার্কিং, নিরাপত্তা ব্যবস্থা এবং প্রটোকল অনুযায়ী ধারাবাহিকভাবে ভিআইপিগণের স্মৃতিসৌধ এলাকা হতে প্রস্থান সংক্রান্ত বিষয়াদি আলোচনা করা হবে। | সংশ্লিষ্ট সকলে |
| (৬) জাতীয় স্মৃতিসৌধের ২নং গেইটের উত্তর-পশ্চিম পার্শ্বের স্থানটি প্রয়োজনীয় উন্নয়ন সাধনের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত স্থানে ঢাকা জেলা পুলিশ কর্তৃক আগামী ১৬ ডিসেম্বর ২০২০ তারিখ পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে আগত ভিআইপি অতিথিবৃন্দের গাড়ী পার্কিং এর ব্যবস্থা করবে। | সড়ক ও জনপথ অধিদপ্তর, মানিকগঞ্জ এবং ঢাকা জেলা পুলিশ |
| (৭) আমন্ত্রিত কূটনৈতিক মিশনের অতিথিবৃন্দের যানবাহন স্মৃতিসৌধের অভ্যন্তরে প্রবেশ করবে এবং ফেরত যাবার সময় অতিথিবৃন্দ স্মৃতিসৌধের অভ্যন্তরেই যানবাহনে আরোহন করবেন। ৯ এমপি ইউনিট কর্তৃক বিষয়টি নিশ্চিত করা হবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের চীফ অব প্রটোকল বিষয়টি সংশ্লিষ্ট অতিথিবৃন্দকে অবহিত করবেন। | পররাষ্ট্র মন্ত্রণালয়, পুলিশ সদর দপ্তর ঢাকা এবং ৯ এমপি ইউনিট |
| (৮) গাবতলী, আমিন বাজার, গেন্ডা, সাভার বাজার, আশুলিয়া বাজার এবং বাইপাইল সংযোগ এলাকায় সম্পূর্ণ রাস্তা খোলা রাখা ও অবৈধ পার্কিং মুক্ত করার প্রয়োজন হবে। এ বিষয়ে ঢাকা জেলা পুলিশ কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক রিকভারী যান প্রস্তুত রাখতে হবে। এছাড়াও, ৯ পদাতিক ডিভিশন (ইএমই শাখা) একটি সামরিক উদ্ধারযান সার্বক্ষণিক প্রস্তুত রাখবে। | ৯ পদাতিক ডিভিশন ইএমই শাখা) এবং ঢাকা জেলা পুলিথ |
| (৯) দেশী ও বিদেশী এবং সামরিক/অসামরিক বিশিষ্ট ব্যক্তিবর্গের গাড়ী স্মৃতিসৌধের অভ্যন্তরে/বাহিরে পার্কিং এবং অনুষ্ঠান শেষে প্রটোকল অনুযায়ী ক্রমধারা বজায় রেখে স্মৃতিসৌধ এলাকা ত্যাগ করার ব্যাপারে পুলিশ সুপার, ঢাকা জেলা এবং অধিনায়ক ৯ এমপি ইউনিট কর্তৃক একটি সমন্বিত পরিকল্পনা তৈরী করতে হবে। এ পরিকল্পনার বাহিরের কোন গাড়ী যেন উক্ত বহরে প্রবেশ করতে না পারে তা কঠোরভাবে নিয়ন্ত্রণের নির্দেশনা থাকতে হবে। | ঢাকা জেলা পুলিশ এবং ৯ এমপি ইউনিট |
| খ। **জনসাধারণ নিয়ন্ত্রণ।** | |
| (১) নিরাপত্তা এবং পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়টি বিবেচনায় রেখে আগামী ১২ ডিসেম্বর ২০২০ থেকে ১৫ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত স্মৃতিসৌধ এলাকা বন্ধ রাখার বিষয়ে বিভিন্ন গণ-প্রচার মাধ্যমে সকলকে অবহিত করণ এবং স্মৃতিসৌধের সামনে নোটিশ দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিভিন্ন গণ-প্রচার মাধ্যকে অবহিতকরণের বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়ের সাথে প্রয়োজনীয় সমন্বয় করবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তর |
| (২) অনুষ্ঠানের দিন ০৫৩০ ঘটিকা হতে ঢাকা-আরিচা মহা-সড়কে আমন্ত্রিত অতিথিবর্গ স্মৃতিসৌধ এলাকা ত্যাগ না করা পর্যন্ত বিশ মাইল/বাইপাইল হতে স্মৃতিসৌধ পর্যন্ত শুধুমাত্র ১টি লেনে সীমিত আকারে যানবাহন চলাচল ব্যবস্থা রাখতে হবে। তবে ভিআইপিগণের বিশ মাইল/বাইপাইল হতে স্মৃতিসৌধ পর্যন্ত গমন ও প্রত্যাগমনের সময় সকল প্রকার যানবাহন চলাচল বিষয়ে ঢাকা জেলা পুলিশ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | ঢাকা জেলা পুলিশ |
| (৩) ১৬ ডিসেম্বর ২০২০ তারিখ আমন্ত্রিত ভিআইপিগণ এবং আগত অতিথিবৃন্দ স্মৃতিসৌধ ত্যাগ না করা পর্যন্ত জাতীয় স্মৃতিসৌধের অভ্যন্তরে সর্বসাধারণের প্রবেশ বন্ধ রাখতে হবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়ের সহায়তায় পুষ্পস্তবক অর্পণের সময় স্মৃতিসৌধ বন্ধ রাখার বিষয়টি সর্বসাধারণকে অবহিত করণের জন্য ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করবে। এছাড়াও, জাতীয় স্মৃতিসৌধের সম্মুখের সীমানা প্রাচীরের সাথে অবস্থিত অবৈধ দোকান পাট ও অস্থায়ী বাসস্ট্যান্ড দ্রুত অপসারণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, ঢাকা জেলা পুলিশ এবং মেয়র সাভার পৌরসভা |

| | কার্যক্রম |
|---|---|
| **আইটেম-১০। স্মৃতিসৌধ এলাকায় ব্যানার ফেস্টুন লাগানো ও নিয়ন্ত্রণ।** | |
| ২০। সভাপতি স্মৃতিসৌধের ভাব গাম্ভীর্য বজায় রাখার ব্যাপারে মহান বিজয় দিবস উপলক্ষে বিভিন্ন প্রকার ব্যানার ফেস্টুন লাগানোর ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন।<br><br>২১। **সিদ্ধান্ত**। স্মৃতিসৌধের চারপাশ, বিশেষ করে ১ এবং ২ নং গেইট এলাকায় বিভিন্ন ব্যানার ফেস্টুন লাগানো রোধ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রচেষ্টা গ্রহণ করা হবে। এ বিষয়ে উপজেলা প্রশাসন এবং স্থানীয় পুলিশ প্রশাসন কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | গণপূর্ত অধিদপ্তর, পুলিশ সুপার ঢাকা, সড়ক ও জনপথ অধিদপ্তর এবং ইউএনও সাভার |
| **আইটেম-১১। স্মৃতিসৌধের নকশা।** | |
| ২২। সভায় করোনা প্রটোকল ব্যতীত এবং করোনা প্রটোকল সহ সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দের অবস্থান সংক্রান্ত নকশা সম্পর্কে সকলকে অবহিত করা হয়। | সংশ্লিষ্ট সকলে |
| **আইটেম-১২। আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রণয়ন, আমন্ত্রণপত্র প্রস্তুত ও বিতরণ।** | |
| ২৩। মূল অনুষ্ঠানে আগত অতিথিদের নামীয় তালিকা প্রনয়ন, আমন্ত্রণপত্র প্রস্তুত করণ ও বিতরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ | |
| ২৪। **সিদ্ধান্ত।** | |
| ক। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রণয়ন, আমন্ত্রণপত্র প্রস্তুত এবং বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| খ। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় স্মৃতিসৌধে আগমনকৃত অতিথিদের সুনির্দিষ্ট একটি তালিকা প্রণয়ন করে আমন্ত্রণপত্র প্রস্তুত ও বিতরণ করবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক উল্লেখিত ব্যক্তিবর্গের স্মৃতিসৌধে আসা-যাওয়ার সময় ও স্মৃতিসৌধে দাঁড়ানোর অবস্থানসহ (নকশা) যাবতীয় বিষয়ে একটি নির্দেশিকা প্রণয়ন করতঃ **আগামী ১০ ডিসেম্বর ২০২০ তারিখের** মধ্যে সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশনের একিউ শাখাকে অবহিত করবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট সকলে |
| গ। পুষ্পস্তবক অর্পণের স্থান (ফুল রাখার বেদী) এর উভয় পার্শ্বের জন্য (ডানে এবং বামে) পৃথক রং এর আমন্ত্রণপত্রের ব্যবহার এবং আমন্ত্রিত অতিথিদের কার্ডের রং এর শ্রেণীবিন্যাস অনুযায়ী গন্তব্যস্থানে প্রেরণের বিষয়টি স্মৃতিসৌধের অভ্যর্থনা স্থানে মন্ত্রণালয়ের অভ্যর্থনা কমিটির তত্ত্বাবধানে ৯ পদাতিক ডিভিশন, গোয়েন্দা সংস্থা এবং পুলিশ কর্তৃক নিশ্চিত করা হবে। | সংশ্লিষ্ট সকলে |
| **আইটেম-১৩। কন্ডাকটিং অফিসার নিয়োগ।** | |
| ২৫। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা/বিভাগ কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক কন্ডাকটিং অফিসার নিয়োগ করতে হবে। এ বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় সমন্বয় সাধন করে আগামী ১৩ ডিসেম্বর ২০২০ তারিখে চূড়ান্ত অনুশীলনের সময় নিয়োগকৃত কন্ডাকটিং অফিসারদের স্মৃতিসৌধ এলাকায় প্রয়োজনীয় ব্রিফিং প্রদান করবেন। এ বিষয়ে দায়িত্বাবলী নিম্নরূপঃ | |
| ২৬। **সিদ্ধান্ত।** | |
| ক। বাংলাদেশী ও বিদেশী আমন্ত্রিত সম্মানিত অতিথিবর্গকে নির্দিষ্ট স্থানে নিয়ে যাওয়ার জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক কন্ডাকটিং অফিসার নিয়োগ এবং আমন্ত্রিত অতিথিবর্গের স্থান পূর্ব হতে নির্দিষ্ট করে রাখার জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং ৯ পদাঃ ডিভিঃ (একিউ শাখা) |
| খ। তিন বাহিনী প্রধানগণের কন্ডাকটিং অফিসার হিসেবে ৯ পদাতিক ডিভিশন কর্তৃক (একিউ শাখা) ৩×লেঃ কর্ণেল পদবীর অফিসার নিয়োগ করা হবে। নিয়োগকৃত কন্ডাকটিং অফিসারগণ বাহিনীত্রয়ের প্রধানগণের সাথে সাভার জাতীয় স্মৃতিসৌধে অবস্থানকালীন সময়ের জন্য নিয়োজিত থাকবেন। | ৯ পদাতিক ডিভিশন কর্তৃক (একিউ শাখা) |
| খ। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় নিয়োগকৃত কন্ডাকটিং অফিসারগণকে তাদের দায়িত্ব সম্পর্কে প্রয়োজনীয় ব্রিফিং প্রদান করবে। উক্ত কন্ডাকটিং অফিসারগণ ১৩ ডিসেম্বর ২০২০ তারিখ ১১০০ ঘটিকায় চূড়ান্ত অনুশীলনের সময় সাভার জাতীয় স্মৃতিসৌধে উপস্থিত থাকবেন এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের যথাযথ প্রতিনিধি কর্তৃক তাদের কার্যপদ্ধতি বুঝিয়ে দিতে হবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট সকলে |

| | কার্যক্রম |
|---|---|
| **আইটেম-১৪। অনুশীলন এবং চূড়ান্ত পরিদর্শন।** | |
| ২৭। অনুষ্ঠানটিকে সুন্দর এবং সার্বিক সাফল্য মন্ডিত করার নিমিত্তে পর্যাপ্ত অনুশীলনের ব্যবস্থা করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন। | |
| ২৮। <u>সিদ্ধান্ত</u>। অনুশীলন এবং চূড়ান্ত পরিদর্শনের বিষয়ে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ | নৌ ও বিমানবাহিনী, এসএসএফ, সদর দপ্তর ৮১ পদাতিক ব্রিগেড, আর্মি এমপি ইউনিট, ৯ এমপি ইউনিট এবং সংশ্লিষ্ট সকলে |
| ক। **<u>অনুশীলন শুরু</u>**। ০৬ ডিসেম্বর ২০২০ তারিখ হতে অনুশীলন শুরু হবে। | |
| খ। **<u>অনুশীলনের সময়</u>**। | |
| (১) **<u>সকাল</u>**। ০৮০০-১১৩০ ঘটিকা। | |
| (২) **<u>বিকাল</u>**। ১৫০০-১৭০০ ঘটিকা। | |
| গ। **<u>সার্বিক তত্ত্বাবধান</u>**। সদর দপ্তর ৮১ পদাতিক ব্রিগেড। | |
| ঘ। **<u>পূর্ণাঙ্গ অনুশীলন এবং চূড়ান্ত পরিদর্শন</u>**। ১৩ ডিসেম্বর ২০২০ তারিখে ১১০০ ঘটিকায় (রবিবার) পুষ্পস্তবক অর্পণের একটি পূর্ণাঙ্গ অনুশীলন করা হবে। | সংশ্লিষ্ট সকলে |
| ঙ। **<u>আহবায়ক কর্তৃক চূড়ান্ত পরিদর্শন</u>**। ১৩ ডিসেম্বর ২০২০ তারিখ ১১০০ ঘটিকা (রবিবার) | |
| চ। **<u>উপস্থিতি</u>**। নিম্নলিখিত ব্যক্তিবর্গকে উক্ত পরিদর্শনে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলোঃ | |
| (১) সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণের ব্যবস্থাপনা কমিটির সকল সদস্য। | সংশ্লিষ্ট সকলে |
| (২) রাষ্ট্রপতি কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি। | |
| (৩) পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি। | |
| (৪) পুলিশ সুপার, ঢাকা জেলা। | |
| (৫) অধিনায়ক, আর্মি মিলিটারি পুলিশ ইউনিট। | |
| (৬) সেনাসদর, পিএস পরিদপ্তরের প্রতিনিধি (পিএস-২)। | |
| (৭) উপজেলা নির্বাহী অফিসার, সাভার। | |
| (৮) অধিনায়ক, ৯ এমপি ইউনিট। | |
| (৯) স্মৃতিসৌধের জন্য গণপূর্ত অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত জ্যেষ্ঠ কর্মকর্তা। | |
| (১০) প্রতিনিধি, আরবরি কালচার। | |
| (১১) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়োগকৃত সকল কন্ডাকটিং অফিসার এবং তাদের ব্রিফিংকারী উপযুক্ত প্রতিনিধি। | |
| (১২) বাহিনী প্রধানগণের কন্ডাকটিং অফিসারগণ। | |
| **<u>আইটেম-১৫। নিরাপত্তা ব্যবস্থাপনা।</u>** | |
| ২৯। সভাপতি স্মৃতিসৌধে আগত ভিআইপিগণের নিরাপত্তার বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নিশ্চিত করার ব্যাপারে গুরুত্বারোপ করেন। এ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ | |
| ৩০। <u>সিদ্ধান্ত</u>। ভিআইপিগণের নিরাপত্তার ব্যাপারে সর্বাধিক গুরুত্ব আরোপ করতে হবে আমন্ত্রণপত্র বহন ও নিরাপত্তা তল্লাশি গেট (আর্চওয়ে) অতিক্রম ব্যতীত স্মৃতিসৌধ এলাকায় কাউকে প্রবেশ করতে দেয়া হবে না। | নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট সকলে |
| **<u>আইটেম-১৬। ভিডিও এবং স্থিরচিত্র ধারণ।</u>** | |
| ৩১। অনুষ্ঠানের ভিডিও এবং স্থিরচিত্র গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। তথ্য মন্ত্রণালয় কর্তৃক এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের ব্যাপারে সভায় আলোচনার মাধ্যমে সকলে একমত পোষন করেন। তবে ভিডিও এবং স্থিরচিত্র গ্রহণকালে যাতে স্মৃতিসৌধ এলাকায় অনিয়ন্ত্রিতভাবে মিডিয়া সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ প্রবেশ না করেন এ ব্যাপারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং সীমিত সংখ্যক ক্যামেরাম্যান/চিত্রগ্রাহকদের নির্বাচিত করবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং তথ্য মন্ত্রণালয় |

**কার্যক্রম**

৩২। **সিদ্ধান্ত।**

ক। তথ্য মন্ত্রণালয় কর্তৃক অনুষ্ঠানের ভিডিও এবং স্থিরচিত্র গ্রহণ করা হবে ।

তথ্য মন্ত্রণালয়

খ। সেনাসদর, জিএস শাখা, সামরিক গোয়েন্দা পরিদপ্তরের ব্যবস্থাপনায়ও ভিডিও এবং স্থিরচিত্র ধারণ করা হবে ।

সেনাসদর, এমআই পরিদপ্তর

গ। সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশন (জিএস শাখা) এর ব্যবস্থাপনায়ও ভিডিও এবং স্থিরচিত্র ধারণ করা হবে ।

৯ পদাতিক ডিভিশন (জিএস শাখা)

**আইটেম-১৭। কোভিড-১৯ জনিত স্বাস্থ্যবিধি অনুসরণ।**

৩৩। সভাপতি জানান বর্তমানে বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনা মহামরি মোকাবেলায় সকলের যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক অনুষ্ঠানের সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

৩৪। **সিদ্ধান্ত।**

ক। বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনা মহামারি মোকাবেলায় সকলের যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করা একান্ত কাম্য।

সংশ্লিষ্ট সকলে

খ। সারাদেশে কোভিড-১৯ জনিত উদ্ভুত পরিস্থিতিতে সবাইকে মাস্ক পরিহিত অবস্থায় সকল কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

